**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/18/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# যদি আপনি এটি পূর্বে দেখে না থাকেন: USA TODAY-তে গভর্নর হোকলের নিবন্ধ: সালমান রুশদির উপর হওয়া হামলা আমাদের মনে করিয়ে দিচ্ছে যে অস্ত্রের চেয়ে কলম বেশি শক্তিশালী

সালমান রুশদির উপর হওয়া হামলার পরিপ্রেক্ষিতে আজ, USA Today বাকস্বাধীনতা ও মত প্রকাশের স্বাধীনতার গুরুত্ব সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের লেখা একটি নিবন্ধ প্রকাশ করেছে। এই নিবন্ধের লেখা নিচে দেওয়া হলো এবং এটি অনলাইনে এখানে দেখা যাবে।

*একজন অল্পবয়সী তরুণী হিসেবে আমার নিজের শহর বাফেলো থেকে গাড়িযোগে এক ঘণ্টার দূরত্বে অবস্থিত চৌতাউকা ইনস্টিটিউশনেযাওয়ার কথা আমার মনে আছে। আমার বাবা একটি স্টিল প্ল্যান্টে কাজ করতেন এবং আমাদের অনেক বেশি টাকা-পয়সা ছিল না - এমনকি, আমাদের ইনস্টিটিউশনে ভেতরে যাওয়ার ফি পরিশোধ করার এবং মেইন গেইট দিয়ে গাড়ি চালিয়ে যাওয়ার সামর্থ্য ছিল না। রবিবারে চার্চ থেকে আসার পরে আমরা স্টেশন ওয়াগনে চড়ে বসতাম এবং চৌতাউকাতে আসতাম এই আশা নিয়ে যে একদিন আমরা এই অসাধারণ জায়গাটি ঘুরে দেখবো। কারণ আমাদের মতো ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বাসিন্দাদের জন্য চৌতাউকা ইনস্টিটিউশন একটি আইকনিক স্থান। শিক্ষা, মত প্রকাশের স্বাধীনতা ও অন্তর্ভুক্তির নীতির উপর প্রতিষ্ঠিত এই ইনস্টিটিউট নিউ ইয়র্কে আমরা যেসব মূল্যবোধ নিয়ে সবচেয়ে বেশি গর্বিত সেগুলোর প্রতিনিধিত্ব করে। এটি এমন একটি জায়গা যেখানে লোকজন আদর্শ ও দর্শনের জোরালো অন্বেষণে বিশ্বাস করে এবং ধর্ম ও রাজনীতি অধ্যয়ন করে - এমন একটি জায়গা যা এর নিরাময়, এর প্রশান্তি, এর সম্প্রীতির জন্য পরিচিত।*

*কিন্তু এই গত শুক্রবারে সে শান্তি ভেঙ্গে চুরমার হয়ে গেছে। এই পবিত্র মূল্যবোধগুলো দমিয়ে দেওয়ার জন্য ঘোরতর প্রচেষ্টা চালানো একজন ব্যক্তি লেখক সালমান রুশদির উপর আক্রমন চালিয়েছে, যিনি কয়েক দশক ধরে ক্ষমতাধরদের বিরুদ্ধে সত্য বলার জন্য হুমকির সম্মুখীন হয়ে বসবাস করছেন। জনাব রুশদির মতো একজন ব্যক্তির জন্য, যিনি বাকস্বাধীনতা ও স্বাধীন মতপ্রকাশের উপর দমন-পীড়নের পরিণতি ভোগ করেছেন, এই স্থানে একটি হিংসাত্মক আক্রমণের শীতল প্রতীক - একটি জায়গা যা মহান চিন্তাবিদদের চিন্তাভাবনাকে অবাধে ও প্রকাশ্যে স্বাগত জানানোর জন্য পরিচিত - অনস্বীকার্য।*

*চৌতাউকার মতো স্থানের পবিত্রতা লঙ্ঘন করতে চায় এমন যেকোনো ব্যক্তি বা গোষ্ঠীর প্রতি আমি একটি সুস্পষ্ট বার্তা জানিয়ে দিতে চাই: ছুরি বহনকারী ব্যক্তি কলমধারী ব্যক্তির কণ্ঠ রুদ্ধ করে দিতে পারে না।*

*নিউ ইয়র্ক স্টেট সবসময় মত প্রকাশের স্বাধীনতা, বাকস্বাধীনতা রক্ষার জন্য উঠে দাঁড়াবে এবং আমরা সালমান রুশদির উপর এই কাপুরুষোচিত হামলার নিন্দা জানাই। আমরা চৌতাউকার মতো একটি স্থানের পবিত্রতা লঙ্ঘনের সাহস দেখানো অথবা একজন বিশ্বনেতাকে হত্যার প্রচেষ্টা চালানো যেকোনো ব্যক্তি বা গোষ্ঠীর কাজের প্রতি নিন্দা জানাই। নিউ ইয়র্কে এটি ঘটতে পারে না। আমরা এর বিরুদ্ধে সরব হচ্ছি এবং সাহসের সঙ্গে এর বিরুদ্ধে দাঁড়াচ্ছি।*

*দুঃখজনক বিষয় হলো, মি. রুশদির উপর হওয়া এই হামলা প্রথম ঘটনা নয় যেখানে গত তিন মাস ধরে সারা বিশ্বর নজর ওয়েস্টার্ন নিউ ইয়র্কের উপর রয়েছে। 14ই মে একজন শ্বেতাঙ্গ আধিপত্যবাদী সোশ্যাল মিডিয়ার মাধ্যমে চরমপন্থী কার্যক্রমে উৎসাহিত হয়ে একটি সুপারমার্কেটে গণহারে গোলাগুলি চালানোর জন্য তিন ঘণ্টার পথ ভ্রমণ করে এসেছে, আমি ও আমার স্বামী যে বাড়িতে বসবাস করি সেখান থেকে এই সুপারমার্কেট গাড়ি দিয়ে 10 মিনিটের দূরত্বে অবস্থিত। এবং আরো একবার এই হামলাকারীর বেছে নেওয়া জায়গাটি অন্তরে কাঁপুনি ধরিয়ে দেয়: এই যুবক অনলাইনে গিয়েছিল এবং সবচেয়ে কাছাকাছি জায়গাটি খুঁজে বের করেছে যেখানে সবচেয়ে বেশি কৃষ্ণাঙ্গ ব্যক্তিকে একসাথে পাওয়া যাবে যাদেরকে সে তার বর্ণবাদী আক্রমণের মাধ্যমে হত্যা ও আহত করতে পারবে।*

*এই কাপুরুষোচিত, সহিংস হামলার ঠিক পরপরই নিউ ইয়র্ক পদক্ষেপ গ্রহণ করেছে। আমরা দেশের সবচেয়ে শক্তিশালী আগ্নেয়াস্ত্র নিরাপত্তা আইন পাশ করেছি, যেখানে 21 বছরের কমবয়সী যেকোনো ব্যক্তির জন্য সেমিঅটোমেটিক রাইফেল ক্রয় করা নিষিদ্ধ করা হয়েছে, আইন প্রয়োগকারী সংস্থায় কর্মরত নন এমন ব্যক্তির জন্য বডি আর্মার ক্রয় বেআইনি করা হয়েছে, এবং অপরাধীদের আগ্নেয়াস্ত্র ব্যবহার ট্র্যাক করার জন্য বুলেটে মাইক্রোস্ট্যাম্পিং করা আবশ্যক করা হয়েছে।*

*অভ্যন্তরীণ সন্ত্রাসবাদের উপর জোর দেওয়ার জন্য আমরা স্টেট পুলিশের একটি বিশেষায়িত ইউনিট গঠন করেছি। আমরা অবৈধ আগ্নেয়াস্ত্র বিষয়ক আন্তঃস্টেট টাস্ক ফোর্স (Interstate Task Force on Illegal guns) গঠন করেছি, যা সেরা রীতিগুলো শেয়ার করা এবং আইন প্রয়োগ নিশ্চিত করতে সরকারের প্রতিটি স্তর এক হয়ে কাজ করা নিশ্চিত করার জন্য দেশের মধ্যে তৈরি করা এধরনের প্রথম উদ্যোগ। আমরা সামাজিক যোগাযোগ মাধ্যমের প্ল্যাটফর্মগুলোর জন্য ঘৃণা থেকে অনুপ্রাণিত ও হুমকিমূলক কন্টেন্ট সম্পর্কে রিপোর্ট করা আবশ্যক করেছি, যাতে পরবর্তী হামলার ঘটনার আগেই কী ঘটছে তা আমরা দেখতে পারি। এবং আমরা আগ্নেয়াস্ত্র সংক্রান্ত আইনের ফাঁক-ফোকরগুলো বন্ধ করেছি এবং বিপজ্জনক ব্যক্তিদের কাছ থেকে আগ্নেয়াস্ত্রকে দূরে রাখার জন্য আমাদের রেড ফ্ল্যাগ আইনগুলো শক্তিশালী করেছি।*

*ঘৃণা, সহিংসতা ও অসহনশীলতার বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য সাহসের প্রয়োজন হয়। তাই এটি অনিবার্য যে মি. রুশদির উপর হামলা হওয়া সপ্তাহটিতে চৌতাউকা ইনস্টিটিউশনে আলোচনার বিষয়বস্তু ছিল "সাহস"। তিনি তার জীবনের এক দশকেরও বেশি সময় লুকিয়ে থেকে পার*

*করেছেন, এবং অবশেষে তিনি ছায়া থেকে বের হয়ে আসার সিদ্ধান্ত নিয়েছেন। এমন বিপদের সামনে দাঁড়িয়ে তার সাহসী অবস্থান সব নিউ ইয়র্কবাসীকে এবং বিশ্বব্যাপী স্বাধীনতাকামী ব্যক্তিদের অনুপ্রাণিত করছে। এটি আমাকে চলমান উগ্রপন্থী আদর্শের বিরুদ্ধে অবস্থান নিতে, সহিংসতা সৃষ্টিকারী যেকোনো ব্যক্তির বিরুদ্ধে কথা বলতে, চাই সে ব্যক্তি সমাজের উচ্চস্তরের হোক কিংবা বড় শহর বা ছোট টাউনের কোনো সড়কের কোনো ব্যক্তি হোক না কেন, আমার কণ্ঠস্বর সহ আমার কাছে থাকা প্রতিটি হাতিয়ার কাজে লাগানোর জন্য অনুপ্রাণিত করেছে।*

*এটি একটি চ্যালেঞ্জিং বিশ্ব। আমি প্রায়শই বলি যে বহু তরুণ ব্যক্তির জন্য এটি কখনো কখনো ভীতিকর হয়ে উঠতে পারে। কিন্তু এটা আমেরিকা যুক্তরাষ্ট্র, এটা নিউ ইয়র্ক স্টেট। আমরা গর্বিত মানুষ। এসব আদর্শ লালন ও জ্ঞান শেয়ার করে যাওয়া একটি ইনস্টিটিউশন পেয়ে আমরা গর্বিত। অন্যায়ের বিরুদ্ধে আওয়াজ তোলা, জ্ঞান যে অজ্ঞতার চেয়ে বেশি শক্তিশালী সে কথা জোরালো আওয়াজে স্পষ্ট কণ্ঠে জানিয়ে দেওয়া আমাদের ডিএনএ-তে মিশে আছে। সহনশীলতা ঘৃণার চেয়ে বেশি শক্তিশালী। সাহসিকতা ভীরুতার চেয়ে শক্তিশালী।*

*এবং কলম সবসময়ই ছুরির চেয়ে বেশি শক্তিশালী থাকবে।*

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418